

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৬.০১১.০০.০২.০০১.২০১৫.১৬২

তারিখ : ০৩/০৪/২০১৬ খ্রিঃ।

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ২য় শ্রেণীর “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র পরিবহন অধিদপ্তরের আওতাধীন অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়ের “পরিদর্শক” পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ২য় শ্রেণীর “সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট” এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র পরিবহন অধিদপ্তরের আওতাধীন অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়ের “পরিদর্শক” পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :-

| ক্রমিক নং | পরীক্ষার তারিখ ও সময় | পরীক্ষা কেন্দ্রের নাম | পদের নাম |
|--------------|---|---|---|
| ১) | ২২/০৪/২০১৬ খ্রিঃ শুক্রবার দুপুর ২.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১) আগারগাঁও, তালতলা সরকারী কলোনী উচ্চ বিদ্যালয় ও মহিলা কলেজ। ২) কমিশন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | ১) সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ২) পরিদর্শক সমুদ্র পরিবহন অধিদপ্তরের আওতাধীন অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়। |

২। সার্কেল এ্যাডজুটেন্ট/উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী এ্যাডজুটেন্ট পদের বাছাই পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থী বিপিএসসি ফর্ম-৩ পূরণ করেছেন শুধুমাত্র তারাই লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৩। পরিদর্শক পদের প্রার্থীদের আবেদনপত্র জমার সময় হাতে হাতে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৪। যোগ্য এবং অযোগ্য প্রার্থীদের রেজিঃ নম্বরের তালিকা, আসন ব্যবস্থা এবং লিখিত পরীক্ষা সংক্রান্ত প্রমিত নির্দেশাবলী কমিশনের ওয়েব সাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে। কেবলমাত্র যোগ্য প্রার্থীরাই প্রবেশপত্রসহ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

[চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)